

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য অধিদপ্তর  
জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসূচি  
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারকনং: ডিজিএইচএস/এমবিডিসি/জিএফএটিএম (এনএফএম-এইচআর)/২০১৭/৬৬৬৪ তারিখ: ২০/১১/২০১৭ ইং

### নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশে অবস্থানরত জোরপূর্বক বিতাড়িত মায়ানমার নাগরিকদের যক্ষ্মা ও এইচ আই ভি এইডস রোগ সনাক্তকরণ ও চিকিৎসার আওতায় আনার লক্ষ্যে গ্লোবাল ফান্ডের আর্থিক সহায়তায় স্বল্পসময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্তপদে লোক নিয়োগ করা হবে।

#### ১. পদঃ ফিল্ড সুপারভাইজার (পদ সংখ্যা-০২)

- ১.১ শিক্ষাগত যোগ্যতাঃ কোন স্বীকৃত বোর্ড হতে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ
- ১.২ অভিজ্ঞতাঃ জনস্বাস্থ্য বিষয়ক প্রতিষ্ঠানে কাজের ০১(এক) বছরের অভিজ্ঞতা।
- ১.৩ জ্ঞান, আচরণ ও দক্ষতাঃ কম্পিউটার পরিচালনা সহ প্রাতিষ্ঠানিক আচরণের জ্ঞান থাকতে হবে।
- ১.৪ বয়সঃ ১/১২/২০১৭ ইং তারিখে অনূর্ধ্ব ৪০ বছর।
- ১.৫ বেতনঃ প্রতিমাসে সর্ব সাকুল্যে ২০,০০০/- (বিশ হাজার টাকা)
- ১.৬ ভাষা জ্ঞানঃ বাংলা ও ইংরেজী, আঞ্চলিক ভাষা জানা প্রার্থীরা অগ্রাধিকার পাবেন
- ১.৭ কর্মক্ষেত্রঃ কক্সবাজার জেলা

#### ২. ফিল্ড ওয়ার্কার (পদ সংখ্যা-৫০)

- ২.১ শিক্ষাগত যোগ্যতাঃ এসএসসি বা সমমান
- ২.২ অভিজ্ঞতাঃ জনস্বাস্থ্য বিষয়ক প্রতিষ্ঠানে কাজের ০১(এক) বছরের অভিজ্ঞতা।
- ২.৩ জ্ঞান, আচরণ ও দক্ষতাঃ অফিসের কর্তব্য, নিয়মসমূহ সম্পর্কে জ্ঞান থাকতে হবে।
- ২.৪ বয়সঃ ১/১২/২০১৭ ইং তারিখে অনূর্ধ্ব ৪০ বছর
- ২.৫ বেতনঃ প্রতি মাসে সর্ব সাকুল্যে ১২,০০০/- (বার হাজার টাকা)
- ২.৬ ভাষা জ্ঞানঃ বাংলা ও ইংরেজী, আঞ্চলিক ভাষা জানা প্রার্থীরা অগ্রাধিকার পাবেন
- ২.৭ কর্মক্ষেত্রঃ কক্সবাজার জেলা


#### ৩. এইচআইভি কাউন্সিলর (পদ সংখ্যা-০২)

- ৩.১ শিক্ষাগত যোগ্যতাঃ এইচ এসসি বা সমমানের
- ৩.২ অভিজ্ঞতাঃ জনস্বাস্থ্য বিষয়ক প্রতিষ্ঠানে কাজের ০১(এক) বছরের অভিজ্ঞতা।
- ৩.৩ জ্ঞান, আচরণ ও দক্ষতাঃ অফিসের কর্তব্য, নিয়মসমূহ সম্পর্কে জ্ঞান থাকতে হবে।
- ৩.৪ বয়সঃ ১/১২/২০১৭ ইং তারিখে অনূর্ধ্ব ৪০ বছর
- ৩.৫ বেতনঃ প্রতি মাসে সর্ব সাকুল্যে ১৬,০০০/- (ষোল হাজার টাকা)
- ৩.৬ ভাষা জ্ঞানঃ বাংলা ও ইংরেজী, আঞ্চলিক ভাষা জানা প্রার্থীরা অগ্রাধিকার পাবেন
- ৩.৭ কর্মক্ষেত্রঃ কক্সবাজার জেলা



আবেদন করার নিয়মাবলী/শর্তাবলীঃ

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) এন্ড লাইন ডাইরেক্টর টিবি-এল এন্ড এএসপি, লেপ্রসী হাসপাতাল কম্পাউন্ড, টিবি গেইট, মহাখালী, ঢাকা-১২১২ বরাবর লিখিত আবেদন এবং সম্পূর্ণ জীবন বৃত্তান্ত যাতে নাম, জন্ম তারিখ, পিতা-মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, বয়স, অভিজ্ঞতা (বিস্তারিত বর্তমান ও অতীত যদি থাকে), যোগ্যতা, ই-মেইল, দুইজন ব্যক্তির রেফারেন্স (যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর ও ই-মেইলসহ) অন্তর্ভুক্ত থাকতে হবে।
২. মুক্তিযোদ্ধা ও তার সন্তান সন্ততির জন্য বয়সের ক্ষেত্রে সরকারিবিধি প্রযোজ্য হবে।
৩. প্রার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি জাতীয় পরিচয় পত্র বা জন্ম সনদ এবং অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে
৪. সম্পূর্ণ আবেদনপত্র (সকল সংযুক্তিসহ) ৩০/১১/২০১৭ ইং তারিখের মধ্যে স্ক্যান করে **ntpban.pm@gmail.com** ই-মেইলে প্রেরন করতে হবে।
৫. অসম্পূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত সময়সীমার পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।
৬. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার জন্য কোন রকম ভ্রমণ ভাতা বা দৈনিকভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
৭. বিজ্ঞপ্তি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট (www.dghs.gov.bd) এ পাওয়া যাবে।
৮. চাকুরী চুক্তির মেয়াদঃ ৩১ ডিসেম্বর, ২০১৭ ইং পর্যন্ত।
৯. চট্রগ্রাম ও কক্সবাজার এর আঞ্চলিক ভাষা জানা প্রার্থীরা অগ্রাধিকার পাবেন।
১০. ডাক,কুরিয়ার সার্ভিস, হাতে হাতে,সরাসরি কোন আবেদন গৃহীত হবে না।

  
( ডাঃ মোঃ ইহতেশামুল হক চৌধুরী )  
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) ও  
লাইন ডাইরেক্টর টিবিএল এন্ড এএসপি  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।